



Budget 2021-22

অস্ট্রেলিয়ার পুনরুদ্ধারকে সুরক্ষিত করা

অস্ট্রেলিয়া কোভিড-১৯ এর ধাক্কা বেশ
ভালভাবেই কাটিয়ে উঠছে



আমাদের ঘুরে দাঁড়ানো

কোভিড ১৯ এর-সময়, অস্ট্রেলিয়া বেশিরভাগ দেশের তুলনায় কম সংক্রমণ, হাসপাতালে ভর্তির হার এবং কম সংখ্যক মৃত্যুর ভেতর দিয়ে স্বাস্থ্যের দিক দিয়ে বিশ্বের শীর্ষস্থানটি অর্জন করেছে।

প্রায় ৩০ বছরের মধ্যে অস্ট্রেলিয়ার প্রথম মন্দা চলাকালীন সময়ে সরকারের জরুরি সহায়তা অর্থনীতিকে একটি গুরুত্বপূর্ণ জীবন সঞ্চার করেছিল।

অর্থনীতি দৃঢ়ভাবে পুনরুদ্ধার হয়েছে যা গত বাজেটের প্রত্যাশার চেয়ে নয় মাস আগেই প্রাকমহামারী স্তরে- ফিরে আসার জন্য তৈরি, সেইসাথে বেকারত্বের হার পুনরুদ্ধার ১৯৯০ এর দশকের মন্দার চেয়ে পাঁচগুণ দ্রুততর হবে বলে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

যদিও আমরা এখনও মহামারী কাটিয়ে উঠতে পারিনি, সামনের অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্বের অন্যান্য দেশের তুলনায় আমরা আরও ভাল অবস্থানে রয়েছি।

অস্ট্রেলিয়ার পুনরুদ্ধার সুরক্ষিত করতে এই সাফল্যের উপর ভিত্তি করেই বাজেটটি তৈরি হয়েছে।

পরিকল্পনা

অস্ট্রেলিয়ার পুনরুদ্ধার নিশ্চিতকল্পে সরকারের অর্থনৈতিক পরিকল্পনার পরবর্তী পর্যায়ই হল এই বাজেট।

এটি কর্মসংস্থান সৃষ্টি করবে, প্রয়োজনীয় পরিষেবাগুলির গ্যারান্টি দেবে এবং অস্ট্রেলিয়াকে আরও সুরক্ষিত ও স্থিতিশীল করবে।

নিম্নোক্ত উপায়ে এগুলো করা হবেঃ

- ব্যক্তিগত আয়কর হ্রাস;
- ব্যবসায় কর প্রণোদনা;
- নতুন শিক্ষানবিশ এবং প্রশিক্ষণ সংকুলান;
- আরও অবকাঠামো; এবং
- স্কুল, হাসপাতাল, বয়স্ক সেবাকেন্দ্র, মানসিক স্বাস্থ্য এবং এনডিআইএসের জন্য রেকর্ড পরিমাণ তহবিল

এটি অস্ট্রেলিয়ার পুনরুদ্ধারকে সুরক্ষিত করবে এবং বেকারত্বের হারকে কমিয়ে দেবে।

কর্মসংস্থান সৃষ্টি এবং আমাদের অর্থনীতি পুনরুদ্ধার

- স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য অতিরিক্ত ৭.৮ বিলিয়ন ডলারের কর রেয়াত, যার পরিমাণ ব্যক্তির ক্ষেত্রে ১০৮০ ডলার কিংবা কর্মরত দম্পতিদের ক্ষেত্রে ২১৬০ ডলার।
- ব্যবসায় বিনিয়োগ এবং কর্মসংস্থান বাড়াতে ভবিষ্যৎ আয়ের উপর আরও ২০.৭ বিলিয়ন ডলারের কর ছাড় দেয়ার জন্য অস্থায়ীভাবে সম্পূর্ণ ব্যয় এবং লোকসানকে আগের বছরের সাথে যুক্ত করার সময়সীমা বর্ধন করা
- অবকাঠামোগত প্রতিশ্রুতি তহবিল করতে দশ বছরে অতিরিক্ত ১৫.২ বিলিয়ন ডলার
- হোম বিল্ডার প্রকল্পে নির্মাণ শুরুর সময় বর্ধিত করা এবং নতুন হোম গ্যারান্টি বাড়ানো
- অস্ট্রেলিয়ার ডিজিটাল অর্থনীতির বিকাশে অবকাঠামো এবং দক্ষতায় বিনিয়োগ
- বিমান ও পর্যটন সহায়তার জন্য ১.২ বিলিয়ন ডলার অনুদান সহ আমাদের সবচেয়ে ক্ষতিগ্রস্ত খাত এবং অঞ্চলগুলিকে সহায়তা করা

জরুরী পরিশেষাগুলো নিশ্চিত করা

- কোভিড-১৯ স্বাস্থ্য সেবা বাড়িয়ে এবং কোভিড-১৯ টিকাদান প্রোগ্রামে আরও বিনিয়োগের মাধ্যমে অস্ট্রেলিয়ানদের স্বাস্থ্যের সুরক্ষা
- অতিরিক্ত ১৩.২ বিলিয়ন ডলার দিয়ে এনডিআইএসকে পুরোপুরি অর্থায়ন করে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা করা
- বয়স্ক সেবা খাত সংস্কারের জন্য অর্থ ব্যয় করতে ১৭.৭ বিলিয়ন ডলার সরবরাহ করা এবং বয়স্ক অস্ট্রেলিয়ানদের প্রতি যাতে শ্রদ্ধা, যত্ন এবং মর্যাদার সাথে আচরণ দেখানো হয় তা নিশ্চিত করা

- উন্নত ও প্রসারিত মানসিক স্বাস্থ্যসেবা খাত এবং আত্মহত্যা প্রতিরোধে ২.৩ বিলিয়ন ডলার প্রদান

- আমাদের প্রাক বিদ্যালয়গুলোতে বিনিয়োগ করা

নারীদের নিরাপত্তা এবং অর্থনৈতিক সুরক্ষা উন্নত করা

- মহিলা ও শিশু নির্যাতন নির্মূল করা
- অস্ট্রেলিয়ান কর্মক্ষেত্রগুলি যাতে যৌন হয়রানি থেকে মুক্ত থাকে তা নিশ্চিত করা
- মহিলাদের স্বাস্থ্যসেবাকে সহজলভ্য করা এবং এর গুণমান উন্নত করা
- চাইল্ডকেয়ারের ব্যয় কমিয়ে এবং কর্মসংস্থান এবং মহিলাদের আর্থিক সুরক্ষা সহায়তা করে নারীদের অর্থনৈতিক নিরাপত্তা জোরদার করা

আরও বেশী সহনশীল ও নিরাপদ অস্ট্রেলিয়া নিশ্চিত করা

- আমাদের জাতীয় সুরক্ষা এবং আইন প্রয়োগের সক্ষমতাগুলোতে বিনিয়োগ করে অস্ট্রেলিয়ানদের সুরক্ষিত রাখা
- ২০৩০ সালের মধ্যে কৃষি উৎপাদন ১০০ বিলিয়ন ডলার বাড়ানোর লক্ষ্য অর্জনে কৃষি শিল্পকে সহায়তা করা
- জ্বালানিকে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের এবং নির্ভরযোগ্য রাখা
- মেডিক্যাল ও জৈবপ্রযুক্তিতে নতুন নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা
- আমাদের এই অঞ্চলের সম্ভাবনাকে উন্মোচন করা
- প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোকে সহায়তা করা